

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫০০

আগরতলা, ২৬ মার্চ, ২০২১

হোলি উৎসব উপলক্ষ্যে
মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

হোলি উৎসব উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব সকল রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন- সারা দেশেই রঙের উৎসব হোলি আনন্দ ও উদ্দীপনার মধ্য দিয়ে উদ্‌যাপিত হলেও এই বছর এক ভিন্ন পরিস্থিতির মধ্য দিয়ে এই উৎসব আমাদের কাছে এসেছে। কোভিড-১৯-এর এই সময়কালে স্বাস্থ্যবিধি ও সতর্কতার নিয়ম মেনে এই উৎসব পালিত হোক। আমাদের সকলের জীবনে সুখ, সমৃদ্ধি ও সম্প্রীতির বার্তা নিয়ে আসুক। আমাদের রাজ্যেও রাজন্য সময়কাল থেকে রঙের উৎসব হোলি সাড়ম্বরে চিরাচরিত রীতিতে পালিত হচ্ছে। প্রকৃতির অপরূপ রঙের সাথে বর্ণময় হয়ে উঠুক আমাদের প্রতিদিনের জীবন ও চিরাচরিত সংস্কৃতি।
